# সাউণ্ড কার্ডে বিশ্বে অপ্রতিদ্বন্দ্বী সিঙ্গাপুরের ক্রিয়েটিভ টেকনোলজী

মে মাসের দ্বিতীয় সপ্তাহে বিশ্বের সর্ববৃহৎ কমপিউটার সাউণ্ডকার্ড নির্মাতা সিঙ্গাপুরের ক্রিয়েটিভ টেকনোলজী প্রথমে কালিফোর্নিয়ার E-Mu সিস্টেমস খরিদ করে প্রায় ১২৩ কোটি টাকায়। এরপর তারা খরিদ করে অপর ক্যালিফোর্নিয়ার কোম্পানী শেয়ারভিশন টেকনোলজীকে প্রায় ৪৫ কোটি টাকায় এবং কয়েকদিন পরেই ক্রিয়েটিভ কমপিউটার বিশ্বে আলোড়ন তুলে তাদের সিলিকন ভ্যালীর মার্কিন অঙ্গপ্রতিষ্ঠানের প্রধান হিসেবে এডওয়ার্ড এসবারকে (৪১) নিয়োগ করে।

কমপিউটার শিল্পের প্রতিশ্রুতিশীল নির্বাহী এসবারের নেতৃত্বে মার্কিন সফটওয়্যার প্রতিষ্ঠান এশটন-টেইটের বিক্রয় দশ গুণ বেড়ে প্রায় সোয়া বারো শ' কোটিতে দাঁড়ায়।এরপর ১৯৯১ সালে বোরল্যাণ্ড খরিদ করে এশটন-টেইট। এসবার এশটন-টেইটকে একটি পণ্যের প্রতিষ্ঠান থেকে রূপান্তরিত করেন কমপিউটারের সব কটি প্ল্যাটফর্মের একটি সফটওয়্যার প্রতিষ্ঠানে, যেটির পণ্য সংখ্যা এক ডজন ছাড়িয়ে যায়।

ক্রিয়েটিভ হচ্ছে বর্তমানে বিশ্বের মাল্টিমিডিয়া সাউণ্ড কার্ডের বাজারের প্রধান সরবরাহকারী। এটির সাউণ্ড ব্লাষ্টার পরিবার হচ্ছে বিশ্বের অন্যতম সেরা এবং শিল্পের স্বীকৃত মানের একটি পণ্য। ক্রিয়েটিভ হচ্ছে মার্কিন শেয়ার বাজার Nasdag-এ তালিকাভূক্ত প্রথম সিঙ্গাপুর কোম্পানী।

আশির দশকের মাঝামাঝি ক্রিয়েটিভ তার প্রথম সাউণ্ডকার্ডটি উদ্ভাবন করে। এখন এই সাউণ্ড ব্লাস্টার হচ্ছে অন্য প্রতিদ্বন্দ্বী সাউণ্ড কার্ডের তুলনায় বিশ্বস্ত একক। বিশ্বে পিসিতে সন্নিবেশিত সাউণ্ড কার্ডের ৭০% হচ্ছে ক্রিয়েটিভ।

ক্রিয়েটিভ সম্প্রতি আরো অগ্রাসী হয়ে প্রযুক্তিগত লাইসেন্সিং চুক্তিতে প্রবেশ করছে। সম্প্রতি ম্যাসাচুস্টেস ভিত্তিক ভয়েস প্রসেসিং কোম্পানীর সাথে এক চুক্তির আওতায় ক্রিয়েটিভ এই মার্কিন প্রতিষ্ঠানটির অর্জিত কণ্ঠস্বর চিহ্নিত প্রযুক্তি সম্পর্কে অবহিত হওয়ার সুযোগ পাবে। এই চুক্তির কালি না শুকাতেই ক্রিয়েটিভ ক্যালগারি ভিত্তিক আচার কমিউনিকেশনের সাথে তিন বছরের একটি লাইসেন্সিং চুক্তি চূড়ান্ত করে।

ক্রিয়েটিভের বিক্রী অস্বাভাবিক হারে বাড়ার সাথে সাথে আগ্রাসী বিপণন প্রচারণা এবং দীর্ঘমেয়াদী উদ্যোগের পেছনে এই রাজস্ব ব্যয় না করে তারা সাবধানে এমন সব সম্ভাবনাময় ক্ষেত্রে বিনিয়োগ করেছে যেখান থেকে তাদের বিনিয়োগ দুই/তিন বছরের মধ্যে উঠে এসে আরো অনেক বেশী রাজস্ব আয় আসবে।

ক্রিয়েটিভ সিঙ্গাপুরের ক্ষুদ্র পরিসরে আবদ্ধ থেকে দ্রুত কিছু রাজস্ব আয় করে পরিতৃপ্ত থাকেনি গোড়া থেকেই। তারা চেয়েছিল ব্যাপক বিশ্ববাজারে ছড়িয়ে পরতে। এতে অবশ্য সময় লেগেছে বেশী। ক্রিয়েটিভের মূল লক্ষ্য ছিল কমপিউটারকে এমন স্তরে নেওয়া যেন এটি রাস্তার সাধারণ মানুষকে আকৃষ্ট করে। এবং লক্ষ্যের বাহন হিসেবে তারা মাল্টিমিডিয়াকে সবচেয়ে সম্ভাবনাময় ক্ষেত্র হিসেবে বেছে নেয় যেখানে উচ্চমানের ভিডিও, গ্রাফিক্স, তথ্যাবলী ও আওয়াজের একটা সুশৃঙ্খল যোগসূত্র হবে। ক্রিয়েটিভের প্রতিষ্ঠাতা সিম ওং হুওর স্বপ্ন ছিল প্রতিটি পিসিকে বাসাবাড়ীর একটি বিনোদন কেন্দ্র হিসেবে পরিণত করা।

পিসিকে কতটা 'আনন্দদায়ক' করতে পারবে ক্রিয়েটিভ এবং দীর্ঘ মেয়াদী ভিত্তিতে এই প্রতিষ্ঠানের সম্ভাবনা নিয়ে ক্রিয়েটিভের জন্মভূমি খোদ সিঙ্গাপুরেই অনেকের সংশয় রয়েছে। এই আশংকার অন্যতম কারণটি হচ্ছে আইবিএম, এপল ও কম্প্যাকের মত বড় প্রতিষ্ঠানগুলো সর্বশেষ যে পিসি বের করেছে সেগুলোতে রয়েছে বিল্ট-ইন মাল্টিমিডিয়া ক্ষমতা। অর্থাৎ এসবে মেশিনে সাউণ্ড চিপও সরাসরি বসিয়ে দেওয়া হয়েছে কমপিউটারটির সার্কিটারী বা আবর্তে।

আইবিএম ও কম্প্যাক উচ্চমানের আওয়াজ বিশিষ্ট পিসি দিয়ে বাজার মাত করলেও এসব আওয়াজ প্রযুক্তির লাইসেন্স আরা নিয়েছে ক্রিয়েটিভের প্রতিদ্বন্দ্বী মিডিয়া ভিশন থেকে। মিডিয়া ভিশন যে লাইসেন্সি সুবিধা বড় কমপিউটার কোম্পানীকে দিয়েছে সেটি ক্রিয়েটিভও প্রদান করতে পারে সাচ্ছন্দে যখন তখন। ক্রিয়েটিভ বিভিন্ন লাইসেন্সিং চুক্তির মাধ্যমে যে প্রযুক্তি খরিদ করছে তা মিডিয়া ভিশনের চেয়ে অনেক শক্তিশালী। এর প্রকৃষ্ট উদাহরণটি হচ্ছে ক্রিয়েটিভের মার্কিন অঙ্গ প্রতিষ্ঠান E-Mu যে মানের স্তরে মিউজিক সিন্থেসাইস করে মিডিয়া ভিশন প্রযুক্তি তা পারেনা। অনুরূপভাবে মিডিয়া ভিশনের কণ্ঠস্বর চিহ্নিত প্রযুক্তি নেই কিন্তু ভয়েস প্রসেসিং কোম্পানীর সাথে চুক্তি বলে এখন ক্রিয়েটিভের সেটি রয়েছে। সংক্ষেপে এটা নিশ্চিত বলা যায় যে, সাধারণ ব্যক্তিগত ব্যবহারকারী থেকে শুরু করে আইবিএম, কম্প্যাক ও এপলের মত বড় বাণিজ্যিক ক্রেতার কাছে সাউণ্ড কার্ড বিক্রীর বিরাট সম্ভাবনাময় বাজার এখন অবারিত ক্রিয়েটিভের কাছে। এবং মানের সুবৃহৎ স্বার্থে ক্রিয়েটিভের সাউণ্ড ব্লাষ্টারের সর্বব্যাপী বিজয় অপ্রতিরোধ্য।

ক্রিয়েটিভের মার্কিন প্রধান এডওয়ার্ড এসবার বলেন 'মাল্টিমিডিয়ার পূর্ণ সম্ভাবনা সবেমাত্র স্বীকৃতি পাওয়া শুরু করেছে।' তাই বিশ্বপ্রসিদ্ধ বিনিয়োগ ব্যাংক গোল্ডম্যান স্যাচস এবং নিউইয়র্কের পোর্টফোলিও ব্যবস্থাপনা প্রতিষ্ঠান কেড মোসেস যারা প্রায় চারশ' কোটি টাকার ওপর বিনিয়োগ পোর্টফোলিওর উপদেষ্টা হিসেবে কাজ করছে তারা ক্রিয়েটিভের শেয়ারকে 'ক্রয়'যোগ্য শেয়ার হিসেবে স্বীকৃতি দিয়ে কূলীন কোম্পানীর স্তরে পদোন্নতি দিয়েছে। - রিফাত গওহর


# নিজে নিজে কমপিউটার মেরামত করুন

**কমপিউটার হার্ডওয়ার ডিপ্লোমা**

বেসিক ইলেক্ট্রনিক্স, ডিজিটাল ইলেক্ট্রনিক্স, ট্রাবল সুটিং ও রিপিয়ারিং কমপিউটার সিস্টেম ইউনিট, মনিটর, কী-বোর্ড, প্রিন্টার, ইউপিএস, ভোল্টেজ ষ্ট্যাবিলাইজার।

বিশেষ সফটওয়ার প্যাকেজ — কোর্স ফি-৩০০০/=

ডস, ওয়ার্ডপারফেক্ট, লোটাস, ডিবেস, হার্ভার্ড গ্রাফিক্স

| সাধারণ কোর্সসমূহ ঃ | ডিপ্লোমা ইন কমপিউটার এক বৎসর মেয়াদী |
|---|---|
| কমপিউটারের মৌলিক বিষয় ও ডস | কমপিউটারের মৌলিক বিষয় ও ডস |
| ওয়ার্ড প্রসেসিং ঃ ওয়ার্ডষ্টার / ওয়ার্ড পারফেক্ট | ওয়ার্ড প্রসেসিং ঃ ওয়ার্ডষ্টার, ওয়ার্ড পারফেক্ট |
| স্প্রেডশীট ঃ লোটাস ও অন্যান্য বিষয় | স্প্রেডশীট এনালাইসিস ঃ লোটাস ও অন্যান্য ডাটাবেস ম্যানেজমেন্ট |
| ডাটাবেস ম্যানেজমেন্ট ঃ ডিবেস | প্রোগ্রামিং ঃ ডিবেস বেসিক, ফোরট্রান |
| প্রোগ্রামিং ঃ ডিবেস, বেসিক, সি, ফোরট্রান ৭৭ | পি.সি.ট্রাবল সুটিং ও রিপিয়ারিং। |

**সার্ভিসসমূহ ঃ** কমপিউটার, প্রিন্টার, ইউ.পি.এস, ভোল্টেজ স্ট্যাবিলাইজার, টেলিভিশন (সাদাকালো ও রঙ্গিন), ভিসি আর, ভি.সি.পি. এবং আধুনিক ইলেক্ট্রনিক্স যন্ত্রসমূহ।

## ইলেক্ট্রোনিক্স এণ্ড কমপিউটার্স

১৫৬ এলিফ্যান্ট রোড (২য় তলা), হাতিরপুল, ঢাকা, ফোন ঃ ৫০ ৫৪ ৬৯

দেশ বিদেশের দক্ষ প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলী দ্বারা পরিচালিত।